

মাধুকরী

জুঞ্জাকা সুভদ্রা

আমার পায়ের তলায় চামড়ায় আগুন ধরেছে যেন,
তাপানো রোদে পুড়ে খাওয়ার জল আনতে যেতে যেতে
কাঁখে ধরে নিয়ে শূন্য কলসি ।

ভোর ভোর উঠে পড়ি,
প্রভুর বাড়ির দিকে বাড়াই দুটি পা
উঠোন ঝাঁঢ় দেই তাদের এবং গোবর জলে লেপে দেই তা;
গরু-বাছুরের জলখাওয়ার পাত্রটায় জল ভরে দেই;
গোবর কেড়ে জড়ো করে রাখি গোয়ালের এক কোণে
আমার মাথার খুলি শক্ত হয়ে ওঠে জচজাল মাথায় করে বইতে বইতে

নিজের ঘরে কাজ করার সময় পাই নে
সীমাহীন শ্রম দিয়ে বিনিময়ে পাই একমুঠো বাসি খাবার
হাতে ধরে নেই
মুড়ো ঝাঁঁটা এবং কুলো দিয়ে বানাই আমাদের খড়কুটোর ছাদ,
তাদের এঁটোকাটার মাধুকরীতে বেরিয়ে পড়ি যখন,
প্যাটেলরা এসে এমন তাড়া মারে পথে পথে হুচেট খেয়ে পড়ি

শস্য কুড়োতে কুড়োতে ঘন হয় শ্বাস
ধূলোর মধ্যে আর পাথরের খাঁজে পড়েছিল যা
ঝাড়াই হতে হতে, গাড়িতে তুলতে তুলতে ।
কিন্তু তাতে এক মুঠো পরিপূর্ণ হয়নি আমার
এমনকি আমি মাটি কেটে যখন জড়ো করি এক জায়গায়
কাঁকর থেকে ধূলো আলাদা করি কুলোর বাতাস দিয়ে
কতটা শস্য হিসাব হল না তার

কবে শেষ হবে আমার তাই বাঁধা জীবন?

(ইংরেজিতে অনুবাদ করেছেন ড. কে পুরুষোত্তম।)
ইংরেজি থেকে বাংলায় অনুবাদ করেছেন মনোহর মৌলি বিশ্বাস